কোটচাঁদপুরে সংবিধান দিবস পালিত

র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে কোটচাঁদপুরে পালিত হয়েছে জাতীয় সংবিধান দিবস। শুক্রবার উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলার ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, সহসভাপতি লুৎফর রহমান, মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, দোড়া ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল জলিল, এলাঙ্গীর মিজানুর রহমান,সাবদারপুরের আব্দুল মান্নান।

এর আগে একটা র্যালী শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

কুষ্টিয়ায় জাতীয় সংবিধান দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

জাতীয় সংবিধান দিবস উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে আলাচনা সভায় বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক আরিফুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সিরাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ

সুপার আবু রাসেল, বিজ্ঞ জিপি এ্যাড. আসম আক্তারুজ্জামান মাসুম, মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার হাজী রফিকুল আলম টুকু, কুষ্টিয়া পাবলিক লাইব্রেরির সদস্য সচিব বিশিষ্ট লেখক ও গবেষক দৈনিক কুষ্টিয়ার সম্পাদক ড. আমানুর আমান, কুষ্টিয়া প্রেসক্লাবের (কেপিসি) সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম তার বক্তব্যে বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। এটি একটি লিখিত দলিল। সংবিধান দেশের সর্বোচ্চ আইন, দেশ পরিচালনার ক্ষেত্রে সর্বদা সংবিধানকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। সংবিধানের মর্যাদা সমুন্নত রাখতে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে কাজ করে যেতে হবে।

সভায় বক্তারা বলেন, পৃথিবীতে যত সংবিধান হয়েছে তার মধ্যে বাংলাদেশের সংবিধান অন্যতম। আর এই সংবিধানকে সমুন্নত রাখার দায়িত্ব সকলের।

বক্তারা আরও বলেন, ৪ নভেম্বর বাঙালি জাতির এক ঐতিহাসিক দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে দীর্ঘ ২৩ বছরের রাজনৈতিক সংগ্রাম ও ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয়ের মাত্র ১১ মাসের মধ্যে এদিনে গৃহীত হয়েছিল বাঙালি জাতির অধিকারের দলিল, বহুল আকাঙ্ক্ষিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

সরকারের কর্মচারীরাই সংবিধানের ধারক ও বাহক হিসেবে উল্লেখ করে সকলকে নিষ্টার সাথে দায়িত্ব পালনের আহবান জানান বক্তারা।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট নাসরিন আক্তার বানু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেন, জেলা মহিলা বিষয়ক অফিসার নূরে সফুরা ফেরদৌস, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস, সহকারী কমিশনার ভূমি দবির উদ্দিন, কুষ্টিয়া প্রেসক্লাবের দপ্তর সম্পাদক এম লিটনউজ্জামান, সাপ্তাহিক প্রভাষণ পত্রিকার সম্পাদক আক্তারুজ্জামান মৃধা পলাশ, দৈনিক দেশের বানী পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক এসএম জামালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে গণপ্রজাতন্ত্রী

বাংলাদেশের সংবিধান ‘সংবিধান বিল’ হিসেবে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। সংবিধান প্রণয়নের সুবর্ণজয়ন্তীতে ৪ নভেম্বরকে ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে ঘোষণা করেছে সরকার। এবার থেকে প্রতি বছর ৪ নভেম্বর ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে পালিত হবে।

মুজিবনগরে জেল হত্যা দিবস উপলক্ষে আলোচন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

“লাল সবুজ পতাকায় আজও তাদের স্বপ্ন উড়ে শ্রদ্ধাভরে স্মরণ করে এক রক্তেভেজা মানচিত্র”

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধাঞ্জলি জানিয়ে।

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, জেল হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অডিটরিয়ামে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা এর সভাপতিত্বে এবং উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের সঞ্চালনায় ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন (এমপি) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড: ইব্রাহিম শাহীন।

আলোচনা সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি

রফিকুল ইসলাম রফা গাইন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদিকা তাহমিনা খাতুন, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাবলু।জাতীয় চার নেতাকে নির্মমভাবে জেলখানায় হত্যার তিব্র নিন্দা ও প্রতিবাদ জানান বক্তারা। পরে নিহত চার নেতা ও ১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু সহ সকল শহীদ এর রুহের মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

জেলহত্যা দিবস পালন অনুষ্ঠানে মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আওয়ামীলীগের নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

মেহেরপুরে জেল হত্যা দিবসের আলোচনা সভা

জাতীয় জেল হত্যা দিবস দিবস উপলক্ষে মেহেরপুর জেলা আওয়মীলীগের উদ্যোগে বৃহস্পতিবার বিকেলে আলোচনা সভা ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়নে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সভাপতিত্ব (ঢাকা অফিস থেকে জুমের মাধ্যমে) করেন।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেকের সঞ্চালনায় অনুষ্ঠিত জেল হত্যা দিবসের আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সহ সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম। সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু, শহর আওয়ামীলীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম, সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন চেয়ারম্যান শাহজামান প্রমুখ।

দামুড়হুদায় জেল হত্যা দিবস পালিত উপলক্ষে আলোচনা ও দোয়া অনুষ্ঠিত

দামুড়হুদায় সারা দেশের ন্যায় জেল হত্যা দিবস ও জাতীয় চার নেতা স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা চত্বরে বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতার প্রতিকৃতিতে বিনম্র শ্রদ্ধা ও পুষ্পমাল্য অর্পণ ও শহীদদের প্রতি এক মিনিট নীরবতা পালন করা হয়।

দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি, জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, ভাইস চেয়ারম্যান (মহিলা) সাহিদা খাতুন, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন। দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট।

এসময় বক্তারা বলেন, বাঙালি জাতির ইতিহাসে আরেকটি কলঙ্কিত অধ্যায় জেল হত্যা দিবস। ১৯৭৫ সালের ৩রা নভেম্বর স্বাধীনতা বিরোধীরা নির্মমভাবে হত্যা করে জাতীয় চার নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহমেদ, ক্যাপ্টেন এম মনসুর আলী ও এ এইচ এম কামারুজ্জামানকে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকরা বর্বরোচিতভাবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে। এর কিছুদিন পরই বঙ্গবন্ধুর আজীবন রাজনৈতিক সহচর, বঙ্গবন্ধুর অবর্তমানে যারা মুক্তিযুদ্ধের নেতৃত্ব দিয়েছিলেন সেই জাতীয় চার নেতাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারের ভেতর গুলি করে ও বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে নির্মমভাবে হত্যা করে ঘাতকরা। ইতিহাসের জঘন্য ও বর্বর নিকৃষ্ট হত্যা যজ্ঞের এই দিনটি জেল হত্যা দিবস।

আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের যুগ্ন আহবায়ক আবদুল করিমের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন উপজেলা যুবলীগের অন্যতম নেতা হাবিবুর রহমান হাবিব, হযরত আলী, হাতেম সহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

মেহেরপুরে নানা আয়োজনে জেল হত্যা দিবস পালিত

মেহেরপুরে জাতীয় ৪ নেতার প্রতি শ্রদ্ধা জানিয়ে নানা আয়োজনে জেল হত্যা দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) সকালে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাড়ির সামনে জাতীয়, দলীয় ও কালো পতাকা উত্তোলন করেন নেতৃবৃন্দ।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

মোমিনুল ইসলাম মোমিনসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ জাতীয় দলীয় ও কালো পতাকা উত্তোলন করেন। পরে জাতীয় ৪ নেতার প্রতি শ্রদ্ধা জানিয়ে তাদের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষে সাধারণ সম্পাদক এম এ খালেক সদর উপজেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামী লীগ, জেলা যুবলীগ, যুব মহিলা লীগ, কলেজ ছাত্রলীগ সহ বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনামের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফন নেছা লতা, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী, পৌর কাউন্সিলর রোকসানা কামাল।

মেহেরপুরে জাতীয় যুব দিবস পালিত

“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস। দিবসটি উপলক্ষে আজ সকাল সাড়ে ৯ টার সময় জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

জেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালামের নেতৃত্ব শোভাযাত্রা টি মেহেরপুর-কুষ্টিয়া প্রধান সড়ক প্রদক্ষিন শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেন, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক, এস এম ওবায়দুল বাশার, কো-অর্ডিনেটর লক্ষন বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু সহ বিভিন্ন শ্রেণী পেশার

মানুষ শোভাযাত্রায় অংশ নেয়।

পরে যুব ভবনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবস পালিত

প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ এই প্রতিপাদ্য কে সামনে নিয়ে চুয়াডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় যুব দিবস ২০২২ পালন করা হয়েছে।

জাতীয় যুব দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরে সকাল সাড়ে দশটার সময় এই দিবস উপলক্ষে যুব র্যালি আলোচনা সভা যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

চুয়াডাঙ্গা জাতীয় যুব দিবস উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে আর এই আগ্রযাএার প্রধান কান্ডি এই যুব সমাজ। যুব সমাজ একটি দেশের প্রাণশক্তি। তরুণরাই দেশকে উন্নত অবস্থানে নিয়ে যেতে পারে। মাদক ও জঙ্গিবাদ যেন যুবসমাজকে বিপথগামী না সেদিকে নজর দেওয়ার জন্য বিশেষ ভাবে লক্ষ রাখতে হবে।

তিনি আরও বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন ট্রেডে যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়। সময়ের সঙ্গে প্রশিক্ষণে প্রোগ্রামিং ও ফ্রিল্যান্সিংয়ের মতো আধুনিক বিষয় যুক্ত হয়েছে।

জাতীয় যুব দিবসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোছাব্বেরুর জামান, চুয়াডাঙ্গা এনএসআই ডিডি

জামিল সিদ্দিক, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের নেজারত ডেপুটি কালেক্টর শেখ সাদাত হোসেন, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ যুব উন্নয়ন অধিদপ্তরে কর্মকর্তা এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবসের প্রধান অতিথি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বিভিন্ন ট্রেডের ছাএ-ছাএীদের মাঝে যুব ঋণের চেক বিতরণ করেন।

জাতীয় যুব দিবস উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

জাতীয় যুব দিবস উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেছে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর। দিবসটি উপলক্ষে মেহেরপুর জেলা উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে সোমবার সকালের দিকে যুব উন্নয়ন অধিদপ্তর প্রাঙ্গনে ক্রিড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক,এস এম ওবায়দুল বাশার, কো-অর্ডিনেটর লক্ষন বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,নোবেল প্রমুখ।

৭৭ রানের বিশাল ব্যবধানে পটুয়াখালী জেলাকে পরাজিত করেছে মেহেরপুর

৭৭ রানের বিশাল ব্যবধানে পটুয়াখালী জেলা দলকে পরাজিত করেছে মেহেরপুর জেলা একাদশ। বাংলাদেশ ক্রিকেট কন্ট্রোল বোর্ডের (বিসিবি) উদ্যোগে সোমবার খুলনা স্টেডিয়াম মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়েছে।

বিসিবি’র উদ্যোগে দেশ ব্যাপি শেখ কামাল অনূর্ধ্ব-১৮ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করেছে। খেলায় প্রথমে ব্যাট করতে নেমে মেহেরপুর জেলা দল ৪২.৩ ওভারে ১৬৭ রান করে অল আউট হয়।

মেহেরপুর দলের পক্ষে আল-আমিন সর্বোচ্চ ২৯ রান করেন। এছাড়া মেহেরপুর দলের ইউসুফের বিধ্বংসী বোলিং মুখে বিপর্যস্থ হয়ে পড়ে পটুয়াখালী জেলা দল। ইউসুফ একাই ৫ উইকেট নেন।

১৬৮ রানের টার্গেটে খেলতে নেমে পটুয়াখালী জেলা দল ৩৩ ওভার খেলে মাত্র ৯০ রান করে আউট হয়ে যায়।